গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়**
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
**(আয়কর)**

## প্রজ্ঞাপন

তারিখ,১২ই শ্রাবণ, ১৪০৬ বাং/২৭শে জুলাই, ১৯৯৯ ইং।

**এস,আর,ও নং ২২২-আইন/৯৯।**—Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অত্র বিভাগের ১৭ই আষাঢ়, ১৪০৬ বাং/১লা জুলাই, ১৯৯৯ ইং তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৭৮-আইন/৯৯ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের প্রথম অনুচ্ছেদ এর-

(ক) দফা (৪) এর শেষে "জমা করিতে হইবে;" শব্দগুলি ও সেমিকোলনের পর "অথবা তফসিলভুক্ত যে কোন ব্যাংকের একাউন্ট পেয়ি ব্যাংক ড্রাফট্ বা পে-অর্ডারের মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক এতদুদ্দেশ্যে নির্ধারিত কর্তৃপক্ষের নিকট জমা প্রদান করিতে হইবে," শব্দগুলি ও সেমিকোলন সন্নিবেশিত হইবে;

(খ) দফা (৫) এর "চালান উপস্থাপন না করা পর্যন্ত" শব্দগুলির পরিবর্তে "চালান উপস্থাপন অথবা ব্যাংক ড্রাফট্ বা পে-অর্ডার জমা প্রদান না করা পর্যন্ত" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
**মুহাম্মদ আবদুস সাত্তার**
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com



Scanned with CamScanner